



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১



Website: [www.bmdeb.gov.bd](http://www.bmdeb.gov.bd), E-mail: [info@bmdeb.gov.bd](mailto:info@bmdeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-৩৭.১৬.০০০০.০০৯.৪৮.০০১.১৮-৮৮৯

তারিখ: ২৪.০৭.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ৫৭.০০.০০০০.০০২.০৬.০০১.১৭-৩৭৮; তারিখ: ০৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৪.০৬.২০১৮ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাসেম্বলির পূর্বে বাল্য বিবাহ নিরোধ, মাদকাসত্ত্বের কুফল, নারী নির্যাতন প্রতিরোধ, জঙ্গিবাদ ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংক্ষিপ্তাকারে উপদেশমূলক আলোচনার ধারা অব্যাহত রাখতে হবে।

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ ও সুপারকে মাদ্রাসায় প্রতিদিন এ্যাসেম্বলির পূর্বে বাল্য বিবাহ নিরোধ, মাদকাসত্ত্বের কুফল, নারী নির্যাতন প্রতিরোধ, জঙ্গিবাদ ইত্যাদি বিষয়ে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সংক্ষিপ্তাকারে উপদেশমূলক আলোচনা করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
  
ফোনঃ ৯৬৭৪৮৭৮

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং-৩৭.১৬.০০০০.০০৯.৪৮.০০১.১৮-৮৮৯(৭)

তারিখ: ২৪.০৭.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, সকল।
২. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল।
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।  
(প্রত্রিতি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও প্রচারের জন্য তাঁকে অনুরোধ করা হলো)
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা